



জগন্নাথ বিশ্ববিদ্যালয়  
Jagannath University

জগন্নাথ বিশ্ববিদ্যালয়ে জাতীয় শোকদিবস ও ২১ আগস্টে নিহত  
শহীদদের স্মরণে দোয়া মাহফিল অনুষ্ঠিত



শোকাবহ আগস্ট স্মরণে ১৫ ও ২১ আগস্টে নিহত শহীদদের বিদেহী আত্মার শান্তি ও মাগফেরাত কামনা করে জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের শিক্ষকদের উদ্যোগে ২৩/০৮/২০২০, রবিবার বাদ যোহর বিশ্ববিদ্যালয়ের কেন্দ্রীয় মসজিদে এক দোয়া মাহফিল অনুষ্ঠিত হয়। উক্ত দোয়া মাহফিলে মাইক্রোবায়োলজি বিভাগের চেয়ারম্যান অধ্যাপক ড. জাকারিয়া মিয়া, প্রক্টর ড. মোস্তফা কামালসহ বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন বিভাগের শিক্ষক, শিক্ষার্থী, কর্মকর্তা ও কর্মচারীবৃন্দ উপস্থিত ছিলেন।

দোয়া অনুষ্ঠানে ১৯৭৫ সালের ১৫ই আগস্টে বঙ্গবন্ধু পরিবারের নিহত শহীদ সদস্যদের এবং ২০০৪ সালের ২১ আগস্টে আওয়ামীলীগের সমাবেশে ভয়াবহ গ্রেনেড হামলায় নিহত শহীদদের আত্মার শান্তি ও রুহের মাগফিরাত কামনা এবং বঙ্গবন্ধু কন্যা জননেত্রী দেশরত্ন শেখ হাসিনার সুস্বাস্থ্য ও দীর্ঘায়ু কামনা করে দোয়া করা হয়।